

2640

## B.A. 4th Semester (Honours) Examination, 2019 (CBCS)

Subject : Bengali

Paper : CC-10

Time: 3 Hours

Full Marks: 60

*The figures in the margin indicate full marks.**Candidates are required to give their answers in their own words  
as far as practicable.*

দক্ষিণ প্রান্তস্থ সংখ্যাগুলি পূর্ণমান নির্দেশক।

পরীক্ষার্থীদের যথাসম্ভব নিজের ভাষায় উত্তর দিতে হবে।

১। যে কোনো দশটি প্রশ্নের পূর্ণবাক্যে উত্তর লেখো :

২×১০=২০

- (ক) 'নীলদর্পণ' নাটকটি কবে, কোথায় প্রথম অভিনীত হয়েছিল?
- (খ) "আমাদের কলেজ নাই, কাছারী নাই, ব্রাহ্মসমাজ নাই।"—কে, কত সালে 'ব্রাহ্মসমাজ' প্রতিষ্ঠা করেন?
- (গ) "লেফটেন্যান্ট গবর্নর নিষ্কৃতি দিবেন সন্দেহ নাই।"—কাকে নিষ্কৃতি দেবার কথা বলা হয়েছে? তদানীন্তন লেফটেন্যান্ট গবর্নর কে ছিলেন?
- (ঘ) "এই আইনটা শ্যামচাঁদের দাদা হইয়াছে।"—'শ্যামচাঁদ' কী? কোন আইনকে 'শ্যামচাঁদের দাদা' বলা হয়েছে?
- (ঙ) "মুই আজাদের দলে।"—বক্তা কে? 'আজা' বলতে সে, কাকে বুঝিয়েছে?
- (চ) "গোলোক বসুর সাতপুরুষে লাখেরাজ বাগান ও রাজার আমলের গাঁতি ...।"—'লাখেরাজ' ও 'গাঁতি' বলতে কী বোঝায়?
- (ছ) "এই যে শুভকান্তি নীলাম্বর আসিতেছেন।"—কার সম্পর্কে এই মন্তব্য? তাকে 'শুভকান্তি নীলাম্বর' বলার কারণ কী?
- (জ) "মোর সোনার পিভিমে জলে যায়।"—'সোনার পিভিমে' কাকে বলা হয়েছে? তার 'জলে' যাওয়ার তাৎপর্য কী?
- (ঝ) রবীন্দ্রনাথ কী উপলক্ষ্যে 'শারদোৎসব' নাটক রচনা করেছিলেন? নাটকটি কত সালে প্রথম অভিনীত হয়?
- (ঞ) 'শারদোৎসব' নাটকের ক-টি দৃশ্য? এর মধ্যে কোন দৃশ্যটি দীর্ঘতর?
- (ট) "তিনি বললেন, বাবা, এ বিদ্যা পেট ভরাবার নয়।"—'তিনি' বলতে কাকে বোঝানো হয়েছে? কোন বিদ্যা সম্পর্কে তিনি এমন মন্তব্য করেছিলেন?
- (ঠ) "এও কি চক্ষু দেখা যায়?"—কী দেখে বক্তার এই আক্ষেপ?
- (ড) "হিসেব ভুলিয়ে দেবার ওস্তাদ ওরা।"—'ওরা' মানে কারা? ওরা কার হিসেব ভুলিয়ে দিয়েছিল?

15140

Please Turn Over

- (ঢ) “এ নইলে আমাদের চঞ্চলা ঠাকরুনটিকে তো জন্দ করবার জো নেই।”—‘চঞ্চলা ঠাকরুন’ কাকে বলা হয়েছে? তাঁকে জন্দ করবার কোন উপায়ের কথা বক্তা ভেবেছে?
- (ণ) “তোমার এই প্রজাটিকে চাই।”—নাটকে ‘প্রজাটি’ কী নামে পরিচিত? তাঁকে কে চেয়ে নিয়েছিলেন?

২। যে কোনো চারটি প্রশ্নের উত্তর লেখো :

৫×৪=২০

- (ক) ‘নীলদর্পণ’ নাটকে ব্যবহৃত অন্তত দুটি ছড়ার প্রয়োগ-তাৎপর্য ব্যাখ্যা করো। ‘পুঁইচে’ এবং ‘বাউ’ শব্দ দুটির অর্থ কী? ৩+১+১=৫
- (খ) “আহা জমি তো না, যান সোনার চাঁপা।”—কে, কোন জমি সম্পর্কে এমন উচ্ছ্বাস প্রকাশ করেছে? জমিকে ‘সোনার চাঁপা’র সঙ্গে তুলনা করার কারণটি স্পষ্ট করো। ১+১+৩=৫
- (গ) “খোদার জীব পরাণে মাতাম না”—কে, কাকে ‘খোদার জীব’ বলেছে? প্রসঙ্গ উল্লেখ করে জানাও উক্তিটি বক্তার কোন চরিত্রিক বৈশিষ্ট্যের ইঙ্গিত দেয়। ১+১+৩=৫
- (ঘ) “বল কী, এর চেয়ে সুন্দর কি আর কিছু আছে!”—কোন বিষয়টিকে বক্তার ‘সুন্দর’ মনে হয়েছে? প্রসঙ্গ উল্লেখ করে তাকে ‘সুন্দর’ মনে করার কারণটি ব্যাখ্যা করো। ১+৪=৫
- (ঙ) “ওরে লক্ষ্মীপেঁচা বেরিয়েছে রে, লক্ষ্মীপেঁচা বেরিয়েছে।”—‘লক্ষ্মীপেঁচা’ কাকে বলা হয়েছে? যার উদ্দেশ্যে এই সম্বোধন, তার চরিত্র বিশ্লেষণ করো। ১+৪=৫
- (চ) ‘শারদোৎসব’ নাটকে ছেলের দলের ভূমিকা আলোচনা করো। নাটকে ছেলের দলের গাওয়া প্রথম গানটির প্রথম ছত্রটি লেখো। ৪+১=৫

৩। যে কোনো দুটি প্রশ্নের উত্তর লেখো :

১০×২=২০

- (ক) প্রথম প্রকাশকালে ‘নীলদর্পণ’ নাটকটির আখ্যাপত্রে লেখকের কী নাম ব্যবহৃত হয়েছে? ‘নীলদর্পণ’ নাটকে হাস্যরসের প্রকৃতি পর্যালোচনা করো। ২+৮=১০

অথবা,

নাটকে সংলাপের গুরুত্ব কী? ‘নীলদর্পণ’ নাটকে ভদ্রেতর চরিত্রের সংলাপ রচনায় দীনবন্ধু মিত্রের কৃতিত্ব বিচার করো। ২+৮=১০

- (খ) “রাজা হতে গেলে সন্ন্যাসী হওয়া চাই।”—কে কাকে বলেছেন? বক্তা তাঁর নিজের জীবনের মধ্য দিয়ে কথ্যটিকে কীভাবে সত্য করে তুলেছেন, তাঁর চরিত্র আলোচনার মধ্য দিয়ে সেটি বুঝিয়ে দাও। ১+১+৮=১০

অথবা,

তত্ত্বনাটক কাকে বলে? ‘শারদোৎসব’ নাটকটিকে তত্ত্বনাটক বলা যায় কি না—এ বিষয়ে তোমার অভিমত ব্যক্ত করো। ২+৮=১০